স্মারক নং- ইইউবি/রেজি./অ.ব.স.বা/২০২৬- ৪৫

তারিখ ঃ ২২ জুলাই ২০২৬ খ্রিষ্টাব্দ

# অফিস আদেশ

গত **০৫ জুলাই ২০২৬** তারিখে বিশ্ববিদ্যালয়ের অচলাবস্থা নিরসনের লক্ষ্যে বিদ্যমান **বোর্ড অব ট্রাস্টিজ (BoT)** বিলুপ্ত করে মহামান্য রাষ্ট্রপতি ও চ্যান্সেলর কর্তৃক **বোর্ড অব এডমিনিস্ট্রেটরস (BoA)** গঠন করা হয়। পরবর্তীতে নবগঠিত **বোর্ড অব এডমিনিস্ট্রেটরস (BoA)** দায়িত্ব গ্রহণ করে বিশ্ববিদ্যালয়ের প্রশাসনিক কার্যক্রম পরিচালনার পাশাপাশি বিভিন্ন আর্থিক অনিয়ম, স্বজনপ্রীতি, ক্ষমতার অপব্যবহার এবং সংশ্লিষ্ট দুর্নীতির অভিযোগ পর্যালোচনা ও তদন্তপূর্বক প্রয়োজনীয় আইনানুগ ব্যবস্থা গ্রহণের উদ্যোগ গ্রহণ করে।

তাতে ক্ষিপ্ত হয়ে, গত **২১ জুলাই ২০২৬** তারিখে আনুমানিক **দুপুর ২:০০ ঘটিকায়** মকবুল আহমেদ খান, আহমেদ ফরহাদ খান (তানিম), নকিব আল কাউসারসহ আনুমানিক **৩৫-৪০ জন ব্যক্তি** সংঘবদ্ধভাবে বিশ্ববিদ্যালয়ের অফিসকক্ষে অনধিকার প্রবেশ করে।

উক্ত ঘটনায় তারা অপরাধমূলক বলপ্রয়োগের মাধ্যমে সরকারি দায়িত্ব পালনে বাধা প্রদান, অফিসকক্ষে ভাঙচুর ও ক্ষতিসাধন, চুরি, ভয়ভীতি ও হুমকি প্রদানসহ বিভিন্ন ফৌজদারি অপরাধ সংঘটিত করে। তাদের কর্মকাণ্ডে বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে ভীতিকর পরিস্থিতির সৃষ্টি হয় এবং শৃঙ্খলা ও স্বাভাবিক কার্যক্রম মারাত্মকভাবে ব্যাহত হয়। এ ঘটনায় সংশ্লিষ্টদের বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণের লক্ষ্যে মামলা দায়ের করা হয়েছে।

মামলার তালিকাভুক্ত আসামিদের মধ্যে **(১) মকবুল আহমেদ খান (৭৬)** এবং **(২) মোঃ নিছার উদ্দিন আকাশ (৩৬)**-কে ইতোমধ্যে আইনশৃঙ্খলা রক্ষাকারী বাহিনী গ্রেফতার করেছে। অন্যান্য আসামিদের মধ্যে আহমেদ ফরহাদ খান (তানিম), নকিব আল কাউসারসহ আরও কয়েকজন বর্তমানে পলাতক রয়েছেন। তাদের গ্রেফতারের লক্ষ্যে পুলিশের অভিযান অব্যাহত রয়েছে।

এমতাবস্থায়, মামলার কোনো আসামি বা তাদের সহযোগীদের সঙ্গে প্রত্যক্ষ বা পরোক্ষভাবে কোনো প্রকার যোগাযোগ, সহযোগিতা বা যোগসাজশে লিপ্ত হওয়া, বিশ্ববিদ্যালয়ে কোনো ধরনের অপ্রীতিকর পরিস্থিতি সৃষ্টির প্রচেষ্টা চালানো কিংবা **বোর্ড অব এডমিনিস্ট্রেটরস (BoA)**-এর আইনসম্মত দায়িত্ব পালনে কোনো প্রকার অসহযোগিতা করা থেকে বিশ্ববিদ্যালয়ের সকল শিক্ষক, কর্মকর্তা ও কর্মচারীকে কঠোরভাবে বিরত থাকার নির্দেশ প্রদান করা হলো।

রাষ্ট্রের সর্বোচ্চ কর্তৃপক্ষের সিদ্ধান্তক্রমে গঠিত **বোর্ড অব এডমিনিস্ট্রেটরস (BoA)** বিশ্ববিদ্যালয়ের সকল শিক্ষার্থী, শিক্ষক, কর্মকর্তা ও কর্মচারীর স্বার্থ সংরক্ষণ, সুশাসন প্রতিষ্ঠা এবং বিশ্ববিদ্যালয়ের স্বাভাবিক শিক্ষা ও প্রশাসনিক কার্যক্রম নির্বিঘ্নভাবে পরিচালনার লক্ষ্যে নিরলসভাবে কাজ করে যাচ্ছে। এ লক্ষ্যে সংশ্লিষ্ট সকলের আন্তরিক সহযোগিতা একান্তভাবে কাম্য।

**এ আদেশটি কর্তৃপক্ষের নির্দেশক্রমে জারি করা হলো।**

পক্ষে/ Kfatema
22.07.26

Office of the Registrar, European University of Bangladesh (EUB)

**ড. এস. এম জোবায়ের এনামুল করিম**
**রেজিস্ট্রার**

Mailing Address :
Permanent Campus: 2/4. Gabtoli, Mirpur, Dhaka-1216.
www.eub.edu.bd, E-mail: info@eub.edu.bd